

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-৩ শাখা

www.moa.gov.bd

স্মারক নং-১২.০৭৭.০৩৫.০০.০০.০০৫.২০১১/২৯৮

তারিখ : ০২/১২/২০১৪ খ্রি:।
০৮/০৮/১৪২১ বং।

বিষয় : নমুনা (Sample) খানা জরিপ কাজে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে “কৃষি উন্নয়ন এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা” বিষয়ে বিভিন্ন নীতিমালা প্রণয়নে বাংলাদেশ সরকার বিশেষতঃ কৃষি মন্ত্রণালয়-কে সহযোগিতার লক্ষ্যে সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা কাজে “ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইনস্টিটিউট (IFPRI)” একটি নমুনা (Sample) খানা জরিপ সম্পাদন করার জন্য বাংলাদেশী প্রতিষ্ঠান “ডাটা এ্যানালাইসিস এন্ড টেকনিক্যাল এ্যাসিসট্যান্স (DATA)” কে নিয়োজিত করেছে। এ জরিপের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশের কৃষি উন্নয়ন এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ে বিভিন্ন ধরনের নীতিমালা প্রণয়নে বাংলাদেশ সরকারকে সহযোগিতা করার জন্য দেশের ৬৪টি জেলার ২৮৪টি উপজেলা থেকে কৃষি সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করা। এ লক্ষ্যে আগামী ২৬ ডিসেম্বর ২০১৪ হতে ৩০ জুন ২০১৫ এর মধ্যে ডাটা’র রিসার্চ অফিসারগণ সংশ্লিষ্ট এলাকাসমূহে কৃষি সংশ্লিষ্ট তথ্য সংগ্রহের উদ্দেশ্যে জরিপ করবেন। জরিপ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জরিপ এলাকাজুড়ে উপজেলা কৃষি কর্মকর্তাগণের সহায়তা বিশেষ প্রয়োজন।

০২। এমতাবস্থায়, জরিপদলকে জরিপ সংশ্লিষ্ট তথ্য (কৃষি সম্পর্কিত) সংগ্রহের কাজে যথাসম্ভব সহযোগিতা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : জরিপ এলাকার জেলা ও উপজেলার তালিকা

I. HANU
21/12/2014

(এস, এম, ইমরুল হাসান)

সহকারী প্রধান

ফোন : ৯৫৪০৬০২

ই-মেইল : imru_07@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, এগ্রিকালচারাল পলিসি সাপোর্ট ইউনিট (আপসু), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ২। সকল উপজেলা কৃষি কর্মকর্তা (জরিপ এলাকা)।
- ৩। চিফ অফ পার্ট, ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইনস্টিটিউট (IFPRI), বাড়ী নং-১০এ, রোড নং-৩৫, গুলশান-২, ঢাকা-১২১৬।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ডাটা এ্যানালাইসিস এ- টেকনিক্যাল এ্যাসিসট্যান্স (DATA), ৮/৪ ব্লক-এ (ইউনিট-২) লালমাটিয়া, ঢাকা-১২০৭।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সকল উপজেলা নির্বাহী অফিসার (জরিপ এলাকা)।
৩. প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
৪. অতিরিক্ত সচিব (পিপিপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৫. অফিস কপি